

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৫৯.১৯-৫৪৭

তারিখঃ ০৯ পৌষ, ১৪২৬ ব.
২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ জেলা প্রশাসক(সকল)।

বিষয়ঃ চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নন-সোলার খাতে ৮টি আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকা রংপুর-৩/ বরিশাল-৫/ গাজীপুর-১/গাজীপুর-৫/সিলেট-১/চট্টগ্রাম-৪/ চট্টগ্রাম-৫/ ও চট্টগ্রাম-৮ এর অনুকূলে ২য় কিস্তির খাদ্যশস্য (গম) বরাদ্দ প্রদান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১০-১২-২০১৯ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৯.৪৪১ নং মঞ্জুরি আদেশের আলোকে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির আওতায় ৮টি আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকায় নিম্নবর্ণিতভাবে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত নন-সোলার খাতে ২য় পর্যায়ে বরাদ্দ প্রদান হলো। এ ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ খাত হতে নির্বাহ করা করা হবে।


ক্রমিক নং	আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকার নাম	২য় কিস্তিতে বরাদ্দকৃত খাদ্যশস্যের (গম) পরিমাণ
১.	রংপুর- ৩	৮০.০০০ মেঃটন
২.	বরিশাল- ৫	৮০.০০০ মেঃটন
৩	গাজীপুর- ১	১৩২.৫০০ মেঃটন
৪	গাজীপুর- ৫	১৩২.৫০০ মেঃটন
৫	সিলেট- ১	৮০.০০০ মেঃটন
৬	চট্টগ্রাম- ৪	৮০.০০০ মেঃটন
৭	চট্টগ্রাম- ৫	১৩২.৫০০ মেঃটন
৮	চট্টগ্রাম- ৮	১৩২.৫০০ মেঃটন
(০৮টি আসন) সর্বমোট=		৮৫০.০০০ মেঃটন

শর্তসমূহঃ-

- (১) ২য় পর্যায়ের বরাদ্দকৃত খাদ্যশস্যের বিপরীতে প্রকল্প তালিকা ও প্রকল্প ছক জেলা কর্তৃক কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প কাজ আগামী ৩১/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (৩) এ কর্মসূচির খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিখা নির্দেশিকা-২০১৪ এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) প্তি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্তি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাহাতে কর্মোত্তর জরিপের তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৬) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (৭) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

চলমান পাতা-২

- (৮) বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (৯) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপণ কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।
- (১০) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;
- (১১) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- (১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;
- এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


২৪/১০/২০২০

(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক (কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৫৯.১৯-৫৪৭


তারিখঃ ০৯ পৌষ, ১৪২৬ ব.
২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.....।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। পরিচালক (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,জেলা-.....।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার,.....জেলা-.....।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক,।
- ৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.....।
- ৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক.....জেলা-.....।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....জেলা-.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


২৪/১০/২০২০

(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক (কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩